

## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বিষয় :** চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য গঠিত 'ইনোভেশন টিম' কর্তৃক গৃহীত বাৎসরিক কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতি পর্যালোচনা, নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়িত কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতির প্রতিবেদন চাহিদা মত নৌপম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ-

**সূত্র :** মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০৯.১৬.৩১৮, তাং;- ২৮/১২/২০১৬ ইং

**সভার তারিখ :** ৩১/০৫/২০২৩ইং রোজ বুধবার, সময়- সকাল ১১.০০ ঘটিকা।

**সভার স্থান :** সদস্য (এএন্ডপি) মহোদয়ের কক্ষ।

**ভূমিকা :** মন্ত্রিপরিষদ বিভাগ হতে নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা সমূহে ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে চাহিদা অনুসারে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করণের নিমিত্তে ১৪/০৩/২০২৩ইং তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় চবক এর ইনোভেশন টিমের নিম্নোক্ত কর্মকর্তা/ কর্মচারীগণ উপস্থিত ছিলেনঃ-

১। জনাব মোঃ হাবিবুর রহমান	- সদস্য (এএন্ডপি)	- ইনোভেশন অফিসার।
২। জনাব মোঃ মমিনুর রশিদ	- পরিচালক (প্রশাসন)	- সদস্য।
৩। জনাব মোহাম্মদ মাহাবুব মোর্শেদ চৌধুরী	- পরিকল্পনা প্রধান	- সদস্য।
৪। জনাব মোঃ একরাম চৌধুরী	- সিস্টেমস এনালিস্ট	- সদস্য।
৫। জনাব মোহাম্মদ আজিজুল মওলা	- সিনিয়র পারসোনেল অফিসার	- সদস্য।
৬। জনাব জাহিদুল ইমাম	- হিসাব রক্ষণ কর্মকর্তা	- সদস্য।
৭। জনাব মোঃ হেলাল	- হিসাব রক্ষণ কর্মকর্তা	- সদস্য।
৮। জনাব আরেফিন আদনান	- টার্মিনাল অফিসার	- সদস্য।
৯। জনাব মোহাম্মদ ওয়াকার খান	- সিনিয়র কম্পিউটার অপারেটর	- সদস্য - সচিব।
১০। জনাব হাসান মোঃ আবু হান্নান	- সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর	- সহায়তাকারী।

**আলোচনা:** বিষয়োক্ত ব্যাপারে ৩১/০৫/২০২৩ইং তারিখে সদস্য (এএন্ডপি), চবক মহোদয়ের কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর নির্দেশনা এবং নৌপম এর সিদ্ধান্ত মোতাবেক বিভাগীয় প্রধানগণ হতে প্রাপ্ত ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর নিম্নোক্ত ইনোভেশন কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রঃ	ইনোভেশন কাজ	কাজের বিবরণ (উপকারিতা ও উপকারভোগী)	বাস্তবায়নের সময় কাল	বাস্তবায়নে	বাস্তবায়নের বর্তমান অবস্থা	মন্তব্য
০১	Online Shipping Agent License Enlistment and Renewal System.	উক্ত সিস্টেমের মাধ্যমে শিপিং এজেন্টগণ অনলাইনের মাধ্যমেই চট্টগ্রাম বন্দরে তালিকাভুক্তি ও নবায়ন এর আবেদন করতে পারবেন। ফলে উক্ত তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রমটি অধিক সহজতর হবে।	২০২২-২৩	কম্পিউটার সেন্টার	Software তৈরির কাজ সম্পন্ন হয়েছে। অতি সহসা চালু করা হবে।	
০২	Easy Health Service (EHS)	Easy Health Service (EHS) সিস্টেমটি চালু করা হলে চবক হাসপাতালের চিকিৎসা সেবা গ্রহণে জটিলতা থেকে রোগীরা মুক্তি পাবে এবং সেবা পদ্ধতি সহজতর হবে। এর মাধ্যমে নিজেই বুথ থেকে এন্ট্রি নম্বর নিতে পারবে এবং নিয়মিত রোগীরা (ডায়াবেটিস/প্রেসার/অন্যান্য) বুথ থেকে এন্ট্রি নম্বর নেওয়ার পর সরাসরি ওষুধ সংগ্রহ করতে পারবে। এতে করে নিয়মিত রোগীদের সাথে সাথে অন্য রোগীদেরও সময় সাশ্রয় হবে। উক্ত সিস্টেমটি চালু করা হলে বর্তমানে রোগীদের চিকিৎসা সেবা গ্রহণের যে সকল ধাপ সমূহ সমস্যা সৃষ্টি করে থাকে সে সকল ধাপ সমূহ কমে যাবে এবং রোগীদের সেবা প্রদান পদ্ধতি সহজতর হবে, এতে করে রোগীদের কমপক্ষে প্রায় ৩০% অপেক্ষমান সময় সাশ্রয় হবে। জন্ম সনদ, মৃত্যু সনদ, সিক মেমো, রোগীর প্যাথলজি রিপোর্ট সহ অন্যান্য রোগ সংক্রান্ত যাবতীয় তথ্য রোগীরা নিজেই অনলাইন থেকে সংগ্রহ করতে পারবে। Hospital Apps, Tele Medicine Video, Mobile Alert ইত্যাদি সেবা সমূহ উক্ত সিস্টেমের অন্তর্ভুক্ত হবে।	২০২২-২৩	চিকিৎসা বিভাগ	পরিকল্পনা প্রধান, চবক এর সভাপতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক সফটওয়্যার তৈরি, ডাটা শেয়ারিং ও ইন্টিগ্রেশনের কাজ চলমান।	



